

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.১৯.০০১০.২৬.৭১২

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২১ মে ২০২৬

অফিস আদেশ

আইন ও বিচার বিভাগের বিচার শাখা-১ এর গত ১২.০৪.২০২৬ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০১৫.২৪.২১২ নম্বর স্মারকমূলে সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ হামিদুল ইসলাম তাঁর স্ত্রীর চিকিৎসার উদ্দেশ্যে ১৫.০৪.২০২৬ খ্রি. হতে ১৫.০৫.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অথবা বিদেশে গমনের তারিখ হতে ৩০ দিনের অর্জিত ছুটি মঞ্জুরের আদেশ প্রাপ্ত হন। পরবর্তীতে তিনি ১৮.০৪.২০২৬ খ্রি. তারিখ বিদেশ গমন করেন এবং ০৫.০৫.২০২৬ খ্রি. তারিখ দেশে আগমন করেন অর্থাৎ তিনি ১৮ দিন ছুটি ভোগ করেন। ফলে তিনি বিগত ০৬.০৫.২০২৬ খ্রি. তারিখ তাঁর মঞ্জুরকৃত অর্জিত ছুটির ৩০ দিনের মধ্যে থেকে অবশিষ্ট ১২ দিনের ছুটি বাতিল করতঃ অত্র বিভাগে যোগদানপত্র দাখিল করেন। পরবর্তীতে বিচার শাখা-১ এর ১৭.০৫.২০২৬ খ্রি. তারিখের ১০.০০.০০০০.০৬০.১২৫.২৫.০০০১.২৬.৩০৪ নম্বর স্মারকমূলে তাঁর অবশিষ্ট ১২ (বারো) দিনের বহিঃবাংলাদেশ ছুটি বাতিল করা হয়। তদানুসারে সংযুক্ত কর্মকর্তা হিসেবে অত্র বিভাগে তাঁর দাখিলী যোগদানপত্র ০৬.০৫.২০২৬ খ্রি. তারিখ গ্রহণ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বা/.  
(মোঃ সাইফুজ্জামান)  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)  
ফোন: ০২-২২৩৩৫৭৪২০  
section5@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.১৯.০০১০.২৬.৭১২/১(৯)

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২১ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. জনাব মোঃ হামিদুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ।
৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. উপসচিব (বিচার শাখা-৩), আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯. অফিস কপি।

(মোঃ সাইফুজ্জামান)  
সিনিয়র সহকারী সচিব